

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
প্রকল্প পরিচালকের কার্যালয়  
শেখ রাসেল ডিজিটাল ল্যাব স্থাপন প্রকল্প (২য় পর্যায়)  
তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর  
আইসিটি টাওয়ার, আগারগাঁও, ঢাকা-১২০৭  
[www.srdl.gov.bd](http://www.srdl.gov.bd)

স্মারক নং- ৫৬.০৪.০০০০.০০১.১৮.০০১.২০-৫২৬

তারিখ: ১৪ জুলাই ১৪৩০  
২৯ আগস্ট ২০২৩

**বিষয়: শেখ রাসেল ডিজিটাল ল্যাব প্রাপ্ত প্রতিষ্ঠানের শিক্ষকগণের মধ্যে ফ্রিল্যান্সিং প্রশিক্ষণ গ্রহণে আগ্রহী শিক্ষকগণের তালিকা প্রণয়ন।**


উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তরের আওতাধীন শেখ রাসেল ডিজিটাল ল্যাব স্থাপন প্রকল্প (২য় পর্যায়) প্রকল্পের মাধ্যমে সারাদেশের শিক্ষা প্রতিষ্ঠানে মোট ৯০০১টি “শেখ রাসেল ডিজিটাল ল্যাব” স্থাপন করা হয়েছে। ল্যাবসমূহ পরিচালনা, ব্যবহার ও রক্ষণাবেক্ষণের জন্য “শেখ রাসেল ডিজিটাল ল্যাব” প্রাপ্ত প্রত্যেক প্রতিষ্ঠান হতে ০৪ জন করে মোট ৩৬,০২০ জন শিক্ষককে ১০ দিন ব্যাপী “আইসিটি ইন এডুকেশন লিটারেসি, ট্রাবলশ্যুটিং ও মেইনটেন্যান্স” বিষয়ক প্রশিক্ষণ কার্যক্রম চলমান রয়েছে। এছাড়া ১৮০০ (এক হাজার আটশত) জন শিক্ষককে ২১ দিন ব্যাপী ফ্রন্টিয়ার টেকনোলজি বিষয়ে ও ১৫,০০০ (পনের হাজার) জন শিক্ষককে ০২ দিন ব্যাপী লার্নিং ম্যানেজমেন্ট সিস্টেম, ডিজিটাল কন্টেন্ট ও অ্যাটেনডেন্স বিষয়ে প্রশিক্ষণ প্রদান করা হবে।

০২। উক্ত প্রশিক্ষণকে কাজে লাগিয়ে অধিকতর দক্ষতা অর্জনের জন্য তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর থেকে প্রশিক্ষণ প্রাপ্ত আগ্রহী শিক্ষকগণকে ফ্রিল্যান্সিং/আউটসোর্সিং বিষয়ে প্রশিক্ষণ প্রদানের উদ্যোগ গ্রহণ করা হয়েছে।

০৩। এমতাবস্থায়, শেখ রাসেল ডিজিটাল ল্যাব প্রাপ্ত প্রতিষ্ঠান থেকে ফ্রিল্যান্সিং/আউটসোর্সিং প্রশিক্ষণ গ্রহণে আগ্রহী শিক্ষকগণের তালিকা প্রদত্ত ছক মোতাবেক সংগ্রহ করে আগামী ১০/০৯/২০২৩ তারিখের মধ্যে গুগল ফর্মের নিম্নোক্ত লিংকে আপলোড করার জন্য অনুরোধ করা হল।

গুগল ফর্ম লিংক: <https://forms.gle/NZwgQ5srfT1opVgM7>

সংযুক্তিঃ শিক্ষকের তথ্য প্রদানের ছক।



(এস, এ, এম; রফিকুল্লাহ)

প্রকল্প পরিচালক (যুগ্মসচিব)

শেখ রাসেল ডিজিটাল ল্যাব স্থাপন

প্রকল্প (২য় পর্যায়)

তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর

১। প্রোগ্রামার (সকল), জেলা কার্যালয়,

তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর।

২। সহকারী প্রোগ্রামার (সকল), উপজেলা কার্যালয়,

তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর।

**সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:**

- ১) জেলা প্রশাসক (সকল) [সদয় অবগতির জন্য]।
- ২) মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ [মাননীয় প্রতিমন্ত্রী মহোদয়ের সদয় অবগতির জন্য]।
- ৩) সচিবের একান্ত সচিব, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ [সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য]।
- ৪) জেলা শিক্ষা অফিসার (সকল) [আওতাধীন সকল শিক্ষা প্রতিষ্ঠান প্রধানকে প্রয়োজনীয় নির্দেশনা প্রদানের অনুরোধসহ]।
- ৫) উপজেলা নির্বাহী অফিসার (সকল) [সদয় অবগতির জন্য]।
- ৬) উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার (সকল) [আওতাধীন সকল শিক্ষা প্রতিষ্ঠান প্রধানকে প্রয়োজনীয় নির্দেশনা প্রদানের অনুরোধসহ]।
- ৭) অধ্যক্ষ/প্রধান শিক্ষক/সুপারিনটেনডেন্ট..... কলেজ/বিদ্যালয়/মাদ্রাসা, উপজেলা: .....  
জেলা: ..... [তালিকা প্রণয়নের বিষয়ে সার্বিক সহযোগিতার অনুরোধসহ]।
- ৮) ব্যক্তিগত সহকারী, মহাপরিচালকের কার্যালয়, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর [মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য]।
- ৯) অফিস কপি।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর  
উপজেলা কার্যালয়  
উল্লাপাড়া, সিরাজগঞ্জ

[www.doict.ullapara.sirajganj.gov.bd](http://www.doict.ullapara.sirajganj.gov.bd)

স্মারক নম্বর: ৫৬.০৪.৮৮৯৪.০০০.১৪.০০১.২৩.১৭

তারিখ: ১৬ ভাদ্র ১৪৩০

৩১ আগস্ট ২০২৩

পত্রের নির্দেশনা অনুসারে শেখ রাসেল ডিজিটাল ল্যাব প্রাপ্ত শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষকগণের মধ্যে ফ্রিল্যান্সিং প্রশিক্ষণ গ্রহণে আগ্রহী শিক্ষকগণের তালিকা সংযুক্ত ছক মোতাবেক ই-মেইলে ([ap.ullapara@gmail.com](mailto:ap.ullapara@gmail.com)) স্বাক্ষরিত কপি ও এমএস ওয়ার্ড ফাইল (ইউনিকোড ফন্টে/ নিকস ) আগামী ০৫/০৯/২০২৩খ্রিঃ তারিখের মধ্যে প্রেরণ করার জন্য অনুরোধ করা হলো।



৩১-৮-২০২৩

মোঃ রাহেন বাদশা

সহকারী প্রোগ্রামার

ফোন: ০২৫৮৮৮৩৩৮৫৬

ইমেইল: [ap.ullapara@gmail.com](mailto:ap.ullapara@gmail.com)

অধ্যক্ষ/প্রধান শিক্ষক/সুপারিনটেনডেন্ট (সকল), শেখ রাসেল  
ডিজিটাল ল্যাব প্রাপ্ত শিক্ষা প্রতিষ্ঠান, উল্লাপাড়া, সিরাজগঞ্জ।

স্মারক নম্বর: ৫৬.০৪.৮৮৯৪.০০০.১৪.০০১.২৩.১৭/১(৩)

তারিখ: ১৬ ভাদ্র ১৪৩০

৩১ আগস্ট ২০২৩

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) উপজেলা নির্বাহী অফিসার, উল্লাপাড়া, সিরাজগঞ্জ
- ২) প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, সিরাজগঞ্জ
- ৩) উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, উল্লাপাড়া, সিরাজগঞ্জ



৩১-৮-২০২৩

মোঃ রাহেন বাদশা

সহকারী প্রোগ্রামার